

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৯৬৭

পর্ব-১২: ক্রয়-বিক্রয় (ব্যবসা) (১হাণ্ ।

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - শুফ্'আহ্

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «الْجَارُ أَحَقُّ بِشُفْعَتِهِ يُنْتَظَرُ لَهَا وَإِنْ كَانَ غَائِبًا إِذَا كَانَ طَرِيقُهُمَا وَاحِدًا» . رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَابْنُ مَاجَهْ. والدارمي

বাংলা

২৯৬৭-[৭] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ প্রতিবেশী তার শুফ্'আর সর্বাধিক হকদার। প্রতিবেশী অনুপস্থিত থাকলে তার জন্য এ ব্যাপারে অপেক্ষা করা হবে, যদি উভয়ের পথ এক হয়। (আহমাদ, তিরমিয়ী, আবূ দাউদ, ইবনু মাজাহ ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : তিরমিয়ী ১৩৬৯, আবূ দাউদ ৩৫১৮, ইবনু মাজাহ ২৪৯৪, ইরওয়া ১৫৪০, আহমাদ ১৪২৫৩, দারিমী ২৬৬৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (الْجَارُ أَحَقُّ بِشُفْعَتِه) অর্থাৎ- তার প্রতিবেশীর শুফ্'আহ্ সম্পর্কে। (الْجَارُ أَحَقُّ بِشُفْعَتِه) ইবনু রিসলান বলেন, এ অংশটুকু সম্ভাবনা রাখছে একজন শিশু যতক্ষণ পর্যন্ত প্রাপ্তবয়স্ক না হবে ততক্ষণ পর্যন্ত তার জন্য শুফ্'আর বিষয়ে অপেক্ষা করতে হবে। আর ত্বারানী তাঁর মু'জামুস্ সগীর ও আওসাতে জাবির হতে মারফু' সূত্রে বর্ণনা করেন, (الصَبِيُّ عَلَى شُفْعَتِه حَتَّى يُدْرِكَ فَإِنْ الْدُرِكَ فَإِنْ شَاءَ أَخَذَ وَإِنْ شَاءَ تَرَكَ) 'শিশু যতক্ষণ পর্যন্ত প্রাপ্তবয়স্ক না হবে ততক্ষণ পর্যন্ত সে শুফ্'আর উপরে থাকবে। অতঃপর যখন প্রাপ্তবয়স্ক হবে, তখন ইচ্ছা করলে শুফ্'আহ্ গ্রহণ করবে আর ইচ্ছা করলে তা বর্জন করবে।'' দুর্বল; এর সানাদে 'আবদুল্লাহ বিন বুযায়গ আছে, নায়ল গ্রন্থে এভাবে আছে।



(إِذَا كَانَ طَرِيقُهُمَا وَاحِدًا) অর্থাৎ- দু' প্রতিবেশী অথবা দু' বাড়ীর রাস্তা যদি এক হয়। নায়ল গ্রন্থকার বলেন, শুধু প্রতিবেশিত্বের কারণে শুফ্'আহ্ প্রমাণিত হয় না। বরং তার সাথে পথের সংযুক্তি আবশ্যক। (তুহফাতুল আহওয়াযী ৪র্থ খন্ড, হাঃ ১৩৬৯; 'আওনুল মা'বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩০৫৩)

(وَإِنْ كَانَ غَائِبًا) এতে ঐ ব্যাপারে প্রমাণ আছে যে, অনুপস্থিত ব্যক্তির শুফ্'আহ্ বাতিল হয় না, যদিও উপস্থিত হতে বিলম্ব হয়। এ দৃষ্টিকোণ থেকেই বলা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন